কোটচাঁদপুরে ১৪ পিস ইয়াবা ও নগদ টাকাসহ মাদক ব্যবসায়ী আটক

ঝিনাইদহের কোটচাঁদপুরে বিশেষ অভিযান চালিয়ে ১৪ পিস ইয়াবা ও নগদ টাকাসহ মোঃ শারফিন ইসলাম (২৬) নামে এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে কোটচাঁদপুর থানা পুলিশ।

বুধবার (১৩ মে) ভোররাতে বলুহর বকুলতলা এলাকায় মোঃ ইনছান আলীর বাড়ির পশ্চিম পাশে পাকা রাস্তার ওপর থেকে তাকে আটক করা হয়।

জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে কোটচাঁদপুর থানার এসআই মোঃ মাসুম বেল্লা সঙ্গীয় ফোর্সসহ একটি চৌকস দল ওই এলাকায় অভিযান পরিচালনা করে। এসময় সন্দেহভাজন হিসেবে ওই যুবককে তল্লাশি করলে তার কাছ থেকে ১৪ পিস ইয়াবা ও ইয়াবা বিক্রির নগদ ২ হাজার ৭০০ টাকা উদ্ধার করা হয়। আটক শারফিন ইসলাম বলুহর বকুলতলা এলাকার আব্দুল খালেকের ছেলে।

আটককৃত ব্যক্তির বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে। কোটচাঁদপুর মডেল থানার মামলা নং-০৮, তারিখ-১৩/০৫/২০২৬ খ্রি., ধারা-২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১) সারণির ১০(ক)/৪১। তাকে আদালতে পাঠানোর প্রক্রিয়া চলছে।

কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জানান, মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি ঘোষণা করা হয়েছে। এলাকায় মাদক নির্মূলে পুলিশের এ ধরনের অভিযান আগামীতেও অব্যাহত থাকবে।

কোটচাঁদপুরে গলায় ফাঁস দিয়ে যুবকের আত্মহত্যা

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলায় নিজ বাড়িতে গলায় ফাঁস দিয়ে এক যুবক আত্মহত্যা করেছেন বলে খবর পাওয়া গেছে। আজ মঙ্গলবার বিকেলে উপজেলার কোটচাঁপুর আদর্শ পাড়া রেলগেট এলাকায় এই ঘটনা ঘটে।

নিহত যুবকের নাম রাকিব তার বয়স আনুমানিক ১৮ বছর। তিনি ওই এলাকার মোঃ আবু মুছার ছেলে।

পারিবারিক সূত্রে জানা যায়, আজ দুপুরে দিকে পরিবারের সদস্যদের অগোচরে নিজ ঘরের আড়ার সাথে গলায় ফাঁস দেন ওই যুবক। পরে বাড়ির লোকজন তাকে ঝুলন্ত অবস্থায় দেখতে পেয়ে উদ্ধার করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

তবে ঠিক কী কারণে তিনি আত্মহত্যা করেছেন, সে বিষয়ে পরিবারের পক্ষ থেকে স্পষ্ট কিছু জানানো যায়নি।

খবর পেয়ে কোটচাঁদপুর থানা পুলিশ হাসপাতাল থেকে মরদেহটি উদ্ধার করে। প্রাথমিক সুরতহাল প্রতিবেদন শেষে মরদেহটি ময়নাতদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতাল মর্গে পাঠানোর প্রক্রিয়া চলছে।

কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জানান, “প্রাথমিকভাবে এটি আত্মহত্যা বলে ধারণা করা হচ্ছে। তবে ময়নাতদন্তের রিপোর্ট পেলে মৃত্যুর প্রকৃত কারণ নিশ্চিত হওয়া যাবে। এ ঘটনায় থানায় একটি অপমৃত্যু (ইউডি) মামলা দায়েরের প্রস্তুতি চলছে।”

কোটচাঁদপুরে আম পাড়তে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে যুবকের মৃত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার সলেমানপুর গ্রামে গাছ থেকে আম পাড়তে গিয়ে অসাবধানতাবশত বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মোঃ রিদয় হোসেন
(২৮) নামে এক যুবকের মর্মান্তিক মৃত্যু হয়েছে|

সে সলেমানপুর দিয়াড়েপাড়ার রফিকুলের ছেলে| রিদয় মায়ের সাথে মামার বাড়িতে থাকতেন| সোমবার (১১ মে) সকালে সলেমানপুর মল্লিক পাড়া এলাকায় এই দুর্ঘটনা ঘটে|

স্থানীয় সূত্রে জানা গেছে, রিদয় হোসেন সকালে হামিদ মল্লিকের একটি গাছে আম পাড়তে ওঠেন| আম পাড়ার একপর্যায়ে গাছের পাশ দিয়ে যাওয়া বিদ্যুতের ৩৩কেবি লাইনের তারের সাথে তার আম পাড়ার লগার স্পর্শ লাগে| এতে তিনি মুহূর্তেই বিদ্যুৎস্পৃষ্ট হয়ে গাছ থেকে নিচে পড়ে যান|

পরিবারের সদস্য ও স্থানীয়রা তাকে দ্রুত উদ্ধার করে কোটচাঁদপুর ¯ ^◌াস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে প্রাথমিক চিকিৎসা দেয়|এর পর অবস্থার অবনতি হলে দ্রুত উন্নত চিকিৎসার জন্য যশোর সদর হাসপাতালে রেফার্ড করে সেখানে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়|

রিদয় হোসেনের এই অকাল মৃত্যুতে পরিবার ও এলাকায় গভীর শোকের ছায়া নেমে এসেছে| স্থানীয়রা জানান, গাছের খুব কাছ দিয়ে বিদ্যুতের লাইন থাকায় এই দুর্ঘটনাটি ঘটেছে|

কোটচাঁদপুর থানা পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছেন| যথাযথ আইনি প্রক্রিয়া শেষে মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করার প্রস্তুতি চলছে|

কোটচাঁদপুরে ট্র্যাক্টরের ধাক্কায় সাইকেল আরোহীর মৃত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুরে মাটি বোঝাই ট্র্যাক্টরের ধাক্কায় শাজাহান শেখ (৫৫) নামে এক সাইকেল আরোহীর মৃত্যু হয়েছে। শুক্রবার রাত ৮টার দিকে কোটচাঁদপুর আমবাজার মোড়ে এ দুর্ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শী চায়ের দোকানদার রাজিব হোসেন জানান, আমবাজার মোড়ে তার দোকানে বসে ছিলেন তিনি। রাত ৮টার দিকে হঠাৎ ট্র্যাক্টরের শব্দের সঙ্গে একটি জোরালো বিকট শব্দ শুনতে পান। পরে ঘটনাস্থলে গিয়ে দেখেন, সড়কের ওপর এক সাইকেল আরোহী পড়ে আছেন এবং ট্র্যাক্টরটি দ্রুত পালিয়ে যাচ্ছে। পরে স্থানীয়দের সহায়তায় আহত ব্যক্তিকে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে

নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

মৃতের ভাই মাহবুবুর রহমান জানান, দুই দিন আগে তার মেয়ের অপারেশন হয়েছিল কোটচাঁদপুরের একটি ক্লিনিকে। শুক্রবার রাতে তিনি মেয়ের জন্য ভাত নিয়ে ক্লিনিকে যাচ্ছিলেন। পথে আমবাজার মোড়ে পৌঁছালে একটি ট্র্যাক্টর তাকে ধাক্কা দেয়। শাজাহান শেখ একজন প্রবাসী ছিলেন এবং তিনি দুই ছেলে ও এক মেয়ের জনক।

ঘটনার পর ট্র্যাক্টর ও এর চালক পালিয়ে যায়।

কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আসাদউজ্জামান জানান, স্বাস্থ্য কমপ্লেক্স থেকে খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গেছে। তদন্ত শেষে বিস্তারিত জানা যাবে।

কোটচাঁদপুরে বিএনপি নেতৃবৃন্দের প্রতিবাদ সভা

কোটচাঁদপুর উপজেলা ও পৌর বিএনপির নেতৃবৃন্দের স্বেচ্ছাচারিতা এবং অঙ্গসংগঠনের নেতৃবৃন্দকে অবমূল্যায়নের অভিযোগে প্রতিবাদ সভা করেছেন দলের ১১টি অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ। গত শুক্রবার বিকেলে স্থানীয় প্রিজন ক্লাবে এ প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কোটচাঁদপুর পৌর যুবদলের আহ্বায়ক আবুল হোসেন।

এ সময় বক্তব্য রাখেন উপজেলা যুবদলের আহ্বায়ক আশরাফুজ্জামান খান মুকুল, সদস্য সচিব মাহফুজুল আলম মামুন, সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক শরিফুল ইসলাম (শান্ত), পৌর যুবদলের সদস্য সচিব শাহানুর রহমান (শাহান), উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক কামরুজ্জামান সিদ্দিক, সদস্য সচিব হাফিজুর রহমান, উপজেলা ছাত্রদলের আহ্বায়ক নাসির উদ্দীন লিওয়ন, সদস্য সচিব হুমায়ুন কবির হীরা, পৌর ছাত্রদলের আহ্বায়ক বাধন রাজবীর (নিশু), সদস্য সচিব ফজলে রাব্বী, উপজেলা কৃষক দলের আহ্বায়ক রফিকুল ইসলাম, সদস্য সচিব আবুল কাশেম (বাবু) এবং পৌর কৃষক দলের আহ্বায়ক ফিরোজ উদ্দিন (মানিক)।

বক্তারা বলেন, দীর্ঘদিন দলের পক্ষে কাজ করে আমরা হামলা-মামলার শিকার হয়েছি। এখন ৫ আগস্টের পরের নেতাকর্মীদের ভিড়ে আমাদের খুঁজে পাওয়া কষ্ট হয়ে যাচ্ছে। তারা বলেন, আমরা বেশ কিছুদিন ধরে লক্ষ্য করছি, নেতৃবৃন্দ আমাদের বাদ দিয়ে একটি দলের সঙ্গে ভাগাভাগিতে ব্যস্ত রয়েছেন। আমরা তাদের বলতে চাই, আপনারা এমনটি করবেন না। আমাদের কোনো সমস্যা থাকলে আমাদের ডাকুন এবং বসে সমস্যার সমাধান করুন।

উল্লেখ্য, এর আগে নেতৃবৃন্দের সঙ্গে অঙ্গসংগঠনের নেতৃবৃন্দের কিছু বিষয় নিয়ে দূরত্ব সৃষ্টি হয়, যার বহিঃপ্রকাশ ঘটে শুক্রবার অ্যাটর্নি জেনারেল রুহুল কুদ্দুস কাজলের সঙ্গে স্থানীয় সুধী সমাজের মতবিনিময় সভাকে কেন্দ্র করে। ওই দিন অনুষ্ঠানে যথাযথ মূল্যায়ন না পেয়ে দলের অঙ্গসংগঠনের নেতাকর্মীরা ক্ষোভ প্রকাশ করেন।

এ ব্যাপারে উপজেলা বিএনপির সভাপতি ও এলাঙ্গী ইউনিয়নের চেয়ারম্যান অধ্যাপক আব্দুর রাজ্জাক বলেন, অনুষ্ঠানের আগে আমি ব্যক্তিগতভাবে অঙ্গসংগঠনের নেতৃবৃন্দের সঙ্গে মোবাইলে কথা বলেছি। এখন তারা যে অভিযোগ করছেন, তা সম্পূর্ণ মিথ্যা, বানোয়াট ও ভিত্তিহীন। অঙ্গসংগঠনের ওই নেতাকর্মীরা এসব করে দলের মধ্যে বিভেদ তৈরির চেষ্টা চালাচ্ছেন।

কোটচাঁদপুরে স্বামীর পুরুষাঙ্গ কেটে দিলেন স্ত্রী

কোটচাঁদপুরে স্বামীর গোপনাঙ্গ কেটে দেওয়ার অভিযোগ উঠেছে। সোমবার গভীর রাতে উপজেলার বলাবাড়িয়া খানপাড়ায় এই ঘটনা ঘটে। বর্তমানে স্বামী উজ্জ্বল খাঁ কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছেন।

জানা গেছে, কোটচাঁদপুরের বলাবাড়িয়া গ্রামের জাহাঙ্গীর খাঁর ছেলে উজ্জ্বল খাঁ (৪২)। দীর্ঘদিন ধরে তারা একত্রে সংসার করলেও প্রায়ই

ঝগড়া-বিবাদ চলত তাদের মধ্যে। মঙ্গলবার সকালে এ দুর্ঘটনার খবর পাওয়া যায়। তবে অনেকেই এই ঘটনা চরম সামাজিক অবক্ষয় হিসেবে উল্লেখ করে উদ্বেগ প্রকাশ করেছেন।

ঘটনার বিষয়ে স্বামী উজ্জ্বল খাঁ বলেন, “আমি ক্লাস ষষ্ঠ শ্রেণীতে পড়ার সময় রুবিনাকে বিয়ে করি। সেই সময় থেকে আমরা একসাথে সংসার করছি এবং দুই কন্যা সন্তানের জনক। কিছুদিন ধরে রুবিনা আমার সঙ্গে খারাপ আচরণ করছিল। এজন্য আমি বাইরে ছিলাম। সোমবার রাতে বাড়ি ফিরে রাতের খাবার খেয়ে ঘুমিয়ে পড়ি।

এ সুযোগে সে ধারাল দান্ট দিয়ে আমার গোপনাঙ্গে কোপ দেয়। চিৎকার শুনে পরিবারের লোকজন ছুটে আসে। এরপর আমাকে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যাওয়া হয়। এ ঘটনায় থানায় মামলা দায়ের করার পরিকল্পনা রয়েছে।”

কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আসাদউজ্জামান বলেন, “উজ্জ্বলের পরিবারের লোকজন থানায় এসে মামলা করেছেন। মামলা হলে তদন্তের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।”

কোটচাঁদপুরে কেক ফ্যাক্টরির জেনারেটরের ফিতায় আটকে গৃহবধূর মৃত্যু

কোটচাঁদপুরে কেক ফ্যাক্টরির জেনারেটরের ফিতায় আটকে মারা গেলেন শিরিনা খাতুন (৩০) নামের এক গৃহবধূ। আজ সোমবার দুপুরে ঘটনাটি ঘটেছে কোটচাঁদপুর বনবিভাগ পাড়ায়। সে ওই এলাকার রমজান আলীর স্ত্রী।

হাসানের পিতা মনির হোসেন জানান,কোটচাঁদপুর বন বিভাগ পাড়ার বাসিন্দা আমরা। শিরিনা খাতুন রমজান আলী স্ত্রী। সে আমার ছেলে হাসান, কেক ফ্যাক্টরির মালিক আব্দুস সালামের মেয়ে মিম ও তাঁর ছেলে হাবিবুর রহমানের জন্য প্রতিদিন টিফিন নিয়ে যেতেন

বিদ্যালয়ে। সোমবার দুপুরে আমার ও তাঁর ছেলের জন্য টিফিন নিয়ে মিমের টিফিন নিতে তাদের বাড়িতে গিয়েছেলেন। এ সময় ওই বাড়িতে থাকা কেক ফ্যাক্টরির ফিতায় আটকে যায় তাঁর কাপড়। এতে করে সে গুরুতর আহত হন। এ সময় ফ্যাক্টরির মালিক সহ স্থানীয়রা তাকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে জরুরি বিভাগের চিকিৎসক তাকে দেখে মৃত বলে ঘোষণা দেন।

খবর পেয়ে কোটচাঁদপুর থানার সহউপপরিদর্শক (এএসআই) আব্দুর রহিম মরা দেহের সুরতহাল রিপোর্ট করেছেন। এরপর মরা দেহটি ময়না তদন্তের জন্য ঝিনাইদহ মর্গে পাঠাবেন বলে জানিয়েছেন ওই কর্মকর্তা।

কোটচাঁদপুরে এক রাতে ৫ দোকানে চুরি: আতঙ্কিত ব্যবসায়ীরা

ঝিনাইদহের কোটচাঁদপুরে এক রাতে ৫টি ব্যবসা প্রতিষ্ঠানে দুঃসাহসিক চুরির ঘটনা ঘটেছে। গত রাতে উপজেলার মেনবাজার এলাকায় এই চুরির ঘটনা ঘটে। সংঘবদ্ধ চোরচক্র দোকানের তালা ভেঙে নগদ টাকা লুট করে নিয়ে গেছে।

ভুক্তভোগী ব্যবসায়ী আমিন জানান, প্রতিদিনের মতো রাতে দোকান বন্ধ করে তারা বাড়িতে যান। আজ সকালে দোকানে এসে দেখেন শার্টার ভাঙা। দোকানগুলোর ভেতরে ড্রয়ার তছনছ করা অবস্থায় পড়ে ছিল। জানা গেছে, চোরচক্রটি পরিকল্পিতভাবে একের পর এক ৫টি দোকানে প্রবেশ করে ক্যাশ বাক্সে থাকা নগদ অর্থ নিয়ে নির্বিঘ্নে পালিয়ে যায়।

প্রাথমিক তথ্যে জানা গেছে,শামীম এন্টারপ্রাইজ ৮ হাজার টাকা, রাজ্জাক সু স্টোর ২৬ হাজার টাকা, লিটন এন্টারপ্রাইজ ১০ হাজার টাকা জুয়েল বস্ত্রালয় ৯ হাজার টাকা শাহীন গার্মেন্টস ১৭ হাজার টাকা। পাঁচটি দোকান মিলিয়ে মোট ৭০ হাজার টাকা চুরি হয়। ভুক্তভোগী এক ব্যবসায়ী বলেন, “আমরা এখন চরম নিরাপত্তাহীনতায় ভুগছি। এভাবে এক রাতে এতগুলো দোকানে চুরি হওয়ায় আমরা দিশেহারা

হয়ে পড়েছি।”

খবর পেয়ে সকালে ঘটনাস্থল পরিদর্শন করেছে কোটচাঁদপুর থানা পুলিশ। পুলিশ জানায়, চোর শনাক্ত করতে সিসিটিভি ফুটেজ সংগ্রহ করা হচ্ছে এবং ঘটনার সঙ্গে জড়িতদের দ্রুত গ্রেপ্তারের চেষ্টা চলছে। এলাকায় পুলিশি টহল আরও জোরদার করা হবে বলেও জানানো হয়।

এই চুরির ঘটনায় স্থানীয় ব্যবসায়ীদের মধ্যে চরম ক্ষোভ ও আতঙ্ক বিরাজ করছে। তারা দ্রুত অপরাধীদের আইনের আওতায় আনার এবং বাজারের নিরাপত্তা নিশ্চিত করার জোর দাবি জানিয়েছেন।

কোটচাঁদপুরে ১৩ হাজার ৫৫৫ জন ভাতাভোগী ঈদের খুশি থেকে বঞ্চিত

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার সলেমানপুর গ্রামের প্রতিবন্ধী নজির উদ্দিন। স্ত্রী ও এক সন্তান নিয়ে তার সংসার। প্রতিবন্ধী হয়েও ভ্যান চালিয়ে কোনো রকমে জীবিকা নির্বাহ করেন তিনি। ঈদের আগেই প্রতিবন্ধী ভাতার টাকা পাবেন এই আশায় ছিলেন নজির উদ্দিন। সেই টাকা পেলে পরিবার নিয়ে ভালোভাবে ঈদ উদযাপন করবেন বলেও ভেবেছিলেন।

কিন্তু ঈদের আর মাত্র একদিন বাকি থাকলেও এখনও ভাতার টাকা পাননি তিনি। এরই মধ্যে ব্যাংকসহ সংশ্লিষ্ট অফিস বন্ধ হয়ে যাওয়ায় ভাতা পাওয়ার আশা অনেকটাই অনিশ্চিত হয়ে পড়েছে।

শুধু নজির উদ্দিন নন, কোটচাঁদপুর উপজেলার এমন ১৩ হাজার ৫৫৫ জন ভাতাভোগী রয়েছেন, যাদের অধিকাংশই এই ভাতার টাকার ওপর নির্ভরশীল। সময়মতো টাকা না পাওয়ায় তারা ঈদের আনন্দ থেকে বঞ্চিত হচ্ছেন।

কোটচাঁদপুর উপজেলা সমাজসেবা কর্মকর্তা বশির আহম্মেদ জানান, উপজেলায় মোট ১৩ হাজার ৫৫৫ জন ভাতাভোগী রয়েছেন। এর মধ্যে ৬ হাজার ২০৬ জন বয়স্ক, ২ হাজার ৯৭০ জন বিধবা এবং ৪ হাজার ৩৭৯ জন

প্রতিবন্ধী ভাতাভোগী।

তিনি বলেন, “প্রত্যেকের ঈদের আগে তিন মাসের ভাতার টাকা পাওয়ার কথা ছিল। সে অনুযায়ী ৩ মার্চ ভাতার টাকা সাবমিট করা হয়। কিন্তু এখনো কেন ভাতাভোগীরা টাকা পাননি, তা বুঝতে পারছি না।”

তিনি আরও জানান, পাশের কালীগঞ্জ উপজেলায় শুধু বয়স্ক ভাতার টাকা প্রদান করা হয়েছে, অন্য ভাতাগুলো এখনও দেওয়া হয়নি।
এদিকে ভাতাভোগীদের অনেকে সমাজসেবা অফিসে এসে খোঁজখবর নিয়েছেন। তাদের ঈদের আগেই টাকা পৌঁছাবে বলে আশ্বাস দেওয়া হয়েছিল বলে জানান তিনি। এ বিষয়ে দায়ী কে এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, “সমাজসেবা অধিদপ্তর দায়ী হতে পারে, কারণ আমরা নির্ধারিত সময়েই ভাতার টাকা সাবমিট করেছি।” ভাতাভোগীরা টাকা না পাওয়ায় তিনিও দুঃখ প্রকাশ করেন।

এ বিষয়ে জেলা সমাজসেবা কর্মকর্তা আব্দুল মমিনের সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলেও তিনি ফোন রিসিভ না করায় কোনো বক্তব্য পাওয়া যায়নি।

কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) এনামুল হাসান বলেন, “এ বিষয়টি সমাজসেবা অফিস দেখভাল করে। যদি ভাতার টাকা পাওয়ার কথা থাকে, তাহলে আজ বা কাল না পেলেও ঈদের পর পাওয়া যাবে না পাওয়ার কোনো সুযোগ নেই।”

তিনি আরও বলেন, “সমাজসেবা কর্মকর্তার সঙ্গে কথা বলেছি। অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী ৩ তারিখের মধ্যে ভাতার তথ্য সাবমিট করা হয়েছে। তবে ঈদের আগে টাকা দেওয়ার বিষয়ে কোনো নিশ্চয়তা ছিল না। আমাদের পক্ষ থেকে সময়মতো সব করা হয়েছে, কিন্তু অধিদপ্তর থেকে টাকা দেওয়া সম্ভব হয়নি।”

ভাতাভোগীরা ঈদের আনন্দ থেকে বঞ্চিত হয়েছেন কিনা এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, “আমি এ বিষয়ে একমত। ঈদের আগে টাকা পেলে তারা খুশি হতেন। এখন যদি না পান, তার সঠিক ব্যাখ্যা অধিদপ্তরই দিতে পারবে।”

কোটচাঁদপুরে ট্রেনের ধাক্কায় লাটা হাম্পার চালক নিহত, আহত হেলপার

কোটচাঁদপুরে ট্রেনের ধাক্কায় ইঞ্জিনচালিত লাটা হাম্পার গাড়ির চালক আলাউদ্দিন (৫০) নিহত হয়েছেন। এ ঘটনায় গাড়ির হেলপার আহত হয়েছেন।

রোববার সকাল ১০টার দিকে উপজেলার বড় বামনদহ ছোট রেলগেট এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

জানা যায়, রোববার সকালে রাজশাহী থেকে ছেড়ে আসা সাগরদাঁড়ি ট্রেনের ধাক্কায় ইঞ্জিনচালিত লাটা হাম্পার গাড়িটি দুমড়ে-মুচড়ে যায়। এতে ঘটনাস্থলেই গাড়ির চালক আলাউদ্দিন নিহত হন। তিনি কালীগঞ্জ উপজেলার ঈশ্বরবা গ্রামের মসলেম উদ্দিনের ছেলে। তবে আহত হেলপারের নাম-পরিচয় জানা যায়নি।

পরে স্থানীয়রা তাদের উদ্ধার করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান।

প্রত্যক্ষদর্শী লালবানু বলেন, “আমি লাইনের পাশে কাজ করছিলাম। ট্রেন চলে যাওয়ার কিছুক্ষণ পর দেখি গাড়িটি লাইনের পাশে পড়ে আছে। পাশে একজন পড়ে কাতরাচ্ছিলেন। মুখে পানি দিয়ে আল্লাহর নাম নেওয়ার কিছুক্ষণ পরই তিনি মারা যান। পাশে আরেকজন আহত অবস্থায় পড়ে ছিলেন। পরে স্থানীয়রা তাদের ভ্যানে করে হাসপাতালে নিয়ে যায়।”

কোটচাঁদপুর রেলস্টেশনের সহকারী স্টেশন মাস্টার তুর্কি বলেন, “ওই সময় ডিউটিতে ছিলেন স্টেশন মাস্টার মোশারফ হোসেন। আমি আসার পর এ ধরনের ঘটনার কথা শুনেছি। যেখানে দুর্ঘটনার কথা বলা হচ্ছে, সেটি আউটার সিগনালের বাইরে পিডব্লিউডি এলাকার মধ্যে।”

কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগের চিকিৎসক রায়হানা আক্তার লিমা বলেন, “একজনকে আমরা মৃত অবস্থায় পেয়েছি। অন্যজন আহত ছিলেন। তাকে প্রাথমিক চিকিৎসা দিয়ে ছেড়ে দেওয়া হয়েছে।”